গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষ এর কার্যালয়
শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল
ই-মেইলঃ **tangailmc@ac.dghs.gov.bd**

স্মারক নং-শেখহামেক/টাং/প্রশা/২০২২- ৭১৮৫ তারিখঃ ১৩/০৯/২০২২খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও শিক্ষা পরিবার কল্যাণ বিভাগ, পারসোনেল-১ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০১৯.২১-১৮২, তারিখঃ ২০/০৫/২০২১ইং এবং স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০১৯.২১-৪৯৬, তারিখঃ ১৫/০৬/২০২২খ্রিঃ মোতাবেক ছাড়পত্র প্রাপ্ত শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল এর নবসৃষ্ট সরাসরি নিয়োগযোগ্য গ্রেড ১১-২০ পর্যন্ত (৩য় ও ৪র্থ শ্রেণীর) নিম্ন-বর্ণিত ২২ (বাইশ)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্ন-লিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://shmct.teletalk.com.bd এই ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহনযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাব)<br>গ্রেড-১১<br>(১২৫০০-৩০২৩০) | ০৬ (ছয়) টি | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | ক) সরকারি/ বেসরকারি এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ এবং<br>খ) সকল জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওগ্রাফি)<br>গ্রেড-১১<br>(১২৫০০-৩০২৩০) | ০২ (দুই) টি | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | |
| ৩ | সহকারী লাইব্রেরিয়ান<br>গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০) | ০১ (এক) টি | (ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা। | |
| ৪ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; | |
| ৫ | পরিসংখ্যানবিদ<br>গ্রেড-১৪<br>(১০২০০-২৪৬৮০) | ০১ (এক) টি | (ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে ন্যূনপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা। | |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০) | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; | |
| ৭. | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০) | ০১ (এক) টি | (ক) স্বীকৃত বোর্ড হতে বাণিজ্যে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক/ সমমান পাশ এবং কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা। | |
| ৮. | স্টোর কিপার<br>গ্রেড-১৬<br>(৯৩০০-২২৪৯০) | ০১ (এক) টি | (ক) সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ৯. | টেক্সিডার্মিস্ট<br>গ্রেড-১৮<br>(৮৮০০-২১৩১০) | ০১ (এক) টি | সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক / সমমানের সার্টিফিকেট। | |
| ১০. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮২৫০-২০০১০) | ০৬ (ছয়) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

চলমান পাতা-২ দ্রঃ

**নিম্নলিখিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীর বয়স ০১/০৯/২০২২খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

২। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। বিধি মোতাবেক সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই: মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রত্যিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ সহ) ।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

ঙ. জাতীয় পরিচয়পত্র (NID) /জন্ম সনদের সত্যায়িত ফটোকপি

চ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)

ছ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা / উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রত্যয়নপত্র ও মুক্তিযোদ্ধা মূল সনদের সত্যায়িত কপি ।

জ. শারীরিক প্রতিবন্ধি, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঝ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গন্য হবে।

৫। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৭। সরকারি নীতিমালা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৮। লিখিত পরীক্ষার তারিখ ও সময় সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল এর নোটিশবোর্ড এবং টেলিটকের ওয়েবসাইটে http://shmct.teletalk.com.bd/ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল -এর নোটিশ বোর্ডে ও টেলিটকের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।

৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিজ্ঞপ্তিটি শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল এর নোটিশবোর্ডে ও ওয়েবসাইটে (http://shmct.teletalk.com.bd/) এবং টেলিটকের ওয়েবসাইটে (https://alljobs.teletalk.com.bd) পাওয়া যাবে।

১১। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩। সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত পরীক্ষার যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে প্রার্থীগন http://shmct.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন । আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫/০৯/২০২২খ্রি: সকাল ১০:০০ ঘটিকা থেকে ।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫/১০/২০২২খ্রি: বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তগণ Online এ আবেদপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন ।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষন করবেন ।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে । নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application's copy পাবেন । উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন । Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ হতে ৮ নং ক্রমিকের পদের জন্য ১০০/- টাকা করে এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা,

চলমান পাতা-৩ দ্রঃ

(অফেরত যোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৯ হতে ১০ নং ক্রমিকের জন্য ৫০/- টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

SMS এর নিয়মাবলী:

প্রথম SMS: SHMCT <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SHMCT ABCDEF**

Reply: Applicant's Name. TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SHMCT <space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: **SHMCT<space>Yes<Space> PIN** লিখে **send** করতে হবে 16222 নম্বরে।
Example: SHMCT Yes 12345678
Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for SHMCT Applicantion for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ) SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

i. User ID জানা থাকলে: **SHMCT<space>Help<Space>User<Space>User ID** & Send to 16222.
   Example: SHMCT HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: **SHMCT<space>Help<Space>PIN<Space>PIN No** & Send to 16222.

iii. Example: **SHMCT HELP PIN 12345678**

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) পত্রিকা ছাড়াও শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল এর ও টেলিটকের ওয়েবসাইট http://shmct.teletalk.com.bd/ এবং নোটিশবোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান করে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://shmct.teletalk.com.bd/ ওয়েবসাইট এবং নোটিশবোর্ড হতে জানা যাবে।

ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা এ vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: SHMCT, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

13/9/22

(অধ্যাপক ডাঃ মোঃ নূরুল আমীন মিঞা)
অধ্যক্ষ
শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল
ও সভাপতি
নিয়োগ কমিটি